



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

## “বঙ্গবন্ধুর ৬ দফা ছিলো বাঙালীর মুক্তির সনদ” -ববির বাংলা বিভাগের ভার্চুয়াল আলোচনায় কবি নির্মলেন্দু গুন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ ফেব্রুয়ারি ২০২১।

বঙ্গবন্ধু ছিলেন অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী। তাঁর স্বপ্ন ছিলো স্বাধীন সার্বভৌম বাংলাদেশ হবে অসাম্প্রদায়িক চেতনার দেশ। তিনি ক্ষুধা, দারিদ্র ও শোষণ মুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। বঙ্গবন্ধুর ৬ দফা ছিলো বাঙালীর মুক্তির সনদ। এটিই ছিলো বাঙালীর মুক্তির মূলমন্ত্র। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে “শিল্প-সাহিত্য ও বঙ্গবন্ধু” শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভায় একথাগুলো বলেন প্রখ্যাত কবি ও লেখক নির্মলেন্দু গুন। ৩১ জানুয়ারি ২০২১ তারিখ সন্ধ্যা ৭:৩০ টায় ববির বাংলা বিভাগের আয়োজনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে যুক্ত ছিলেন প্রখ্যাত কবি ও লেখক নির্মলেন্দু গুন। সভায় স্বাগত বক্তব্য রাখেন ববির বাংলা বিভাগের চেয়ারম্যান সঞ্জয় সরকার। ভার্চুয়াল আলোচনায় আরও যুক্ত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাকিবুল হাসান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস